



মাইক্রো ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট এন্ড সার্ভিসেস (মাইডাস)

MICRO INDUSTRIES DEVELOPMENT ASSISTANCE AND SERVICES (MIDAS)

MIDAS Centre (11th Floor), Plot-5, Road-16 (Old-27), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
GPO Box- 800, Dhaka-1000, Tel. PABX : +880-2-9146579, 9113765, 9103421, Fax : +880-2-58153580
E-mail: midas@midas.org.bd Web : www.midas.org.bd

অক্টোবর ০৩, ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

মাইডাস, ৩-৫ অক্টোবর ২০২৪, বৃহস্পতিবার থেকে শনিবার পর্যন্ত ৩-দিন ব্যাপী ‘মাইডাস শরণ এসএমই মেলা ২০২৪’ এর আয়োজন করেছে। মেলাটি মাইডাস সেন্টার (১৩ তলা), প্লট-৫, সড়ক-১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকাতে অনুষ্ঠিত হচ্ছে। স্ট্যান্ডার্ড চার্টার্ড বাংলাদেশ এই মেলাতে গর্বিত স্পন্সর হিসাবে মাইডাসের সাথে যুক্ত রয়েছে।

অক্টোবর ৩, ২০২৪ তারিখ বিকাল ৪ টায় মাইডাস পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও সাবেক চেয়ারম্যান পারভিন মাহমুদ, এফসিএ উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে আব্দুল করিম, চেয়ারম্যান, মাইডাস ফাইন্যান্সিং পিএলসি; বিটপী দাশ চৌধুরী, কান্ট্রি হেড, কর্পোরেট অ্যাফেয়ার্স, ব্র্যান্ড অ্যান্ড মার্কেটিং, স্ট্যান্ডার্ড চার্টার্ড বাংলাদেশ; বিবি রাসেল, বাংলাদেশী ফ্যাশন ডিজাইনার; আলী সাবেত, সিএসএমই ব্যা স্পেশালিস্ট এন্ড টিম লিডার, এসপিসিএসএসইসি প্রজেক্ট বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়াও মাইডাস পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, মাইডাস-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব খাইরুল বাশার, সহকারি মহাব্যবস্থাপক জনাব মোঃ ইব্রাহিম হোসেন, উচ্চপদস্থ কর্মকর্তা, এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠান প্রতিনিধি এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

মেলায় মোট ৭২ জন নারী ও যুব উদ্যোক্তাদের অংশগ্রহণে তৈরি পোশাক, জুয়েলারি ও অন্যান্য আকর্ষণীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় হচ্ছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

ধন্যবাদান্তে,

মোঃ খাইরুল বাশার

ব্যবস্থাপনা পরিচালক

মোবাইল: ০১৯১১-৩৯৭৯৫৯